গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৬০/২০১৮-২০১৯

ঢাকা, বৃহস্পতিবার ১৪ ফেব্রুয়ারি ২০১৯, ০২ ফাল্গুন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। সিঙ্গাপুর সফর শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি
২। ঐক্যফ্রন্টের সদস্যদের সংসদে আসার আহ্বান প্রধানমন্ত্রীর
৩। প্রাথমিকে শিক্ষাকার্যক্রম পরিমার্জন করা হবে : সংসদে প্রধানমন্ত্রী
৪। নবম ওয়েজবোর্ড রোয়েদাদের গেজেট দ্রুত প্রকাশ করা হবে : সংসদে প্রধানমন্ত্রী
৫। প্রতি বিভাগে ডিজিটাল বিশ্ববিদ্যালয় হবে : সংসদে প্রধানমন্ত্রী
৬। বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির এক অনন্য দৃষ্টান্ত : সংসদে প্রধানমন্ত্রী
৭। দশ কার্যদিবসেই ৫০ সংসদীয় কমিটি গঠন প্রক্রিয়া সমাপ্ত
৮। আগামী জুনে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের প্রথম ধাপের কাজ শেষ হবে : সেতুমন্ত্রী
৯। মাথাপিছু আয় বাড়াতে কৃষি বাণিজ্যিকীকরণ দরকার : কৃষিমন্ত্রী
১০। ইজতেমায় উস্কানিমূলক বক্তব্য নয় : স্বরাষ্ট্রমন্ত্রী
১১। পুলিশের নতুন চ্যালেঞ্জ মাদক : স্বরাষ্ট্রমন্ত্রী
১২। তামাকমুক্ত সমাজ গড়তে চাই ঐক্যবদ্ধ প্রচেষ্টা : তথ্যমন্ত্রী
১৩। উন্নত জাতি গঠনে সহায়ক অনুষ্ঠান করবে বেতার : তথ্যমন্ত্রী
১৪। জার্মানি ও আরব আমিরাত সফরে আজ ঢাকা ছাড়ছেন প্রধানমন্ত্রী
রোহিঙ্গা, রাজনৈতিক সম্পর্ক ও অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণই এ সফরের লক্ষ্য : পররাষ্ট্রমন্ত্রী
১৫। আমিরাতে বৈধ হলো ৫০ হাজার বাংলাদেশী : পররাষ্ট্রমন্ত্রী
১৬। প্রকল্প পরিচালকদের এলাকায় থাকার নির্দেশ পরিকল্পনামন্ত্রীর
১৭। তামাকের ক্ষেতে তুলা চাষে উদ্যোগ নেওয়া হবে : পাটমন্ত্রী
১৮। তিন মেডিকেল বিশ্ববিদ্যায়ের দ্রুত নির্মাণকাজ শুরুর নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর
১৯। ব্যবসাকে আরও সহজ ও উন্মুক্ত করতে হবে : বাণিজ্যমন্ত্রী
২০। বহুতল ভবনের নকশা মিলবে চার ছাড়পত্রে, সব প্রক্রিয়া সম্পন্ন হবে অনলাইনে : গণপূর্তমন্ত্রী
২১। বঙ্গবন্ধু স্যাটেলাইট জাতীয় সম্পত্তি, বিক্রির তথ্য সত্য নয় :
সংসদে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী
২২। হজ নিবন্ধন শুরু আজ
২৩। ইজতেমা উপলক্ষে যান চলাচলে ডিএমপি'র নির্দেশনা
২৪। বিশ্ব ইজতেমা উপলক্ষে বিশেষ ট্রেন সার্ভিস
২৫। কোস্টগার্ডের প্রতিষ্ঠাবার্ষিকী আজ

চলমান পাতা-২

১। **সিঙ্গাপুর সফর শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি**

সিঙ্গাপুর সফর শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) সিঙ্গাপুর এয়ারলাইন্সের একটি ফ্লাইটে রাষ্ট্রপতি ঢাকা পৌঁছান। নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য সাত দিনের সফরে তিনি সিঙ্গাপুর গিয়েছিলেন। বিমানবন্দরে রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানান, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন, ডিপ্লোম্যাটিক কোরের ডিন ভ্যাটিকানের রাষ্ট্রদূত জর্জ কোচেরি। এছাড়া তিন বাহিনীর প্রধানসহ বেসামরিক-সামরিক উর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

২। **ঐক্যফ্রন্টের সদস্যদের সংসদে আসার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিএনপি-ঐক্যফ্রন্টের সংসদ সদস্যদের সংসদে আসার আহ্বান জানিয়ে বলেছেন, নির্বাচিত সংসদ সদস্য সবাই পার্লামেন্টে আসবেন, বসবেন এবং যার যা কথা সেটা বলবেন। সংসদে আসলে তাদের যদি কোনো কথা থাকে, তাহলে তারা কিন্তু বলার একটা সুযোগ পাবে। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে প্রধানমন্ত্রী আরও বলেন, ভোটের মালিক জনগণ, জনগণ যাকে খুশি তাকে ভোট দেবে এবং সেভাবেই জনগণ ভোট দিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান (**পৃ.১,ক.২**), নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

৩। **প্রাথমিকে শিক্ষাকার্যক্রম পরিমার্জন করা হবে : সংসদে প্রধানমন্ত্রী**

জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আগামী অর্থবছরের মধ্যে প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত শিক্ষাকার্যক্রম পরিমার্জন করা হবে। পরবর্তী বছর থেকে নতুন শিক্ষাক্রমে ছাপানো বই শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হবে। প্রধানমন্ত্রী বলেন, সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের মনোযোগী করার লক্ষ্যে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি-৪) আওতায় বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী বলেন, প্রাথমিক স্তরে পাঠ্যপুস্তকের ব্যবহার সহজ ও আকর্ষণীয় করার জন্য ২১টি পাঠ্যপুস্তকের ডিজিটাল কনটেন্ট তৈরি করা হয়েছে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর ৫টি (চাকমা, মারমা, সাদরি, ত্রিপুরা ও গারো) ভাষায় প্রাক-প্রাথমিক ও প্রাথমিক (প্রথম ও দ্বিতীয় শ্রেণি) পাঠ্যপুস্তক প্রণয়ন করে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

৪। **নবম ওয়েজবোর্ড রোয়েদাদের গেজেট দ্রুত প্রকাশ করা হবে : সংসদে প্রধানমন্ত্রী**

গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) সংসদ অধিবেশনে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, নবম ওয়েজবোর্ড রোয়েদাদের সুপারিশমালা পরীক্ষা করে দ্রুত গেজেট প্রকাশ করা হবে। সরকার সাংবাদিক ও সংবাদকর্মীদের বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা নিশ্চিত করতে নিয়মিতভাবে প্রতি ৫ বছর পর পর ওয়েজবোর্ড গঠন করছে। নবম ওয়েজবোর্ড সব সংবাদপত্র ও গণমাধ্যমকর্মীদের জন্য ৪৫ ভাগ মহার্ঘভাতা প্রদানের সুপারিশ করেছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

৫। **প্রতি বিভাগে ডিজিটাল বিশ্ববিদ্যালয় হবে : সংসদে প্রধানমন্ত্রী**

গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে এক সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, ঢাকায় একটি ডিজিটাল ইউনিভার্সিটি তৈরি করছি, সেটা বাস্তবায়নের পর পর্যায়ক্রমে বিভাগীয় শহরগুলোতে ডিজিটাল ইউনিভার্সিটি করব। এক সম্পূরক প্রশ্নের উত্তরে প্রধানমন্ত্রী বলেন, আমরা শিক্ষানীতি প্রণয়ন করে তার ভিত্তিতে কার্যক্রম শুরু করেছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

৬। **বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির এক অনন্য দৃষ্টান্ত : সংসদে প্রধানমন্ত্রী**

জাতীয় সংসদ অধিবেশনে গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, স্বাধীনতাবিরোধী একটি চক্র মানুষের ধর্মীয় অনুভূতিকে পুঁজি হিসেবে ব্যবহারের মাধ্যমে রাজনীতি করে দেশের সুনাম ক্ষুণ্ন করতে চেয়েছে। তবে আমাদের ঐকান্তিক চেষ্টার ফলে বারবার তা ব্যর্থ হয়েছে। বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির এক অনন্য দৃষ্টান্ত। কুচক্রী মহল যাতে কোনোভাবে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্টের ক্ষেত্র তৈরি না করতে পারে, সে ব্যাপারে আমরা সজাগ রয়েছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭)।

**৭। দশ কার্যদিবসেই ৫০ সংসদীয় কমিটি গঠন প্রক্রিয়া সমাপ্ত**

জাতীয় সংসদে গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) আরও সাতটি গুরুত্বপূর্ণ সংসদীয় স্থায়ী কমিটি গঠন করা হয়েছে। এর মাধ্যমে একাদশ জাতীয় সংসদে মোট ৫০টি সংসদীয় কমিটি গঠনের কাজ হয়েছে। সরকারি কাজে শত ব্যস্ততার মাঝেও প্রতিদিন সংসদে বসে নিজের হাতে লিখে কমিটিগুলো গঠনের সহযোগিতা প্রদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, কমিটি গঠনে প্রধানমন্ত্রীর নিজের হাতে লেখা কমিটিগুলোর তালিকা মহামূল্যবান দলিল হিসেবে সংসদে সংরক্ষণ করা হবে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল সংসদের চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী লিটন কমিটি গঠনের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে সর্বসম্মতিক্রমে পাস হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **যায়যায়দিন** (শেষ পৃ,ক.৩), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

**৮। আগামী জুনে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের প্রথম ধাপের কাজ শেষ হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের প্রথম ধাপে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বনানী রেল স্টেশন পর্যন্ত কাজ আগামী জুনে শেষ হবে। দ্বিতীয় ধাপ বনানী রেলস্টেশন থেকে মগবাজার রেলক্রসিং পর্যন্ত আগামী বছরের জুলাইয়ে এবং শেষ ধাপ মগবাজার রেলক্রসিং থেকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালী পর্যন্ত ২০২১ সালের সেপ্টেম্বরে শেষ হবে। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরসংলগ্ন কাওলায় ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের নির্মাণকাজ পরিদর্শনশেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**৯। মাথাপিছু আয় বাড়াতে কৃষি বাণিজ্যিকীকরণ দরকার : কৃষিমন্ত্রী**

বাংলাদেশ আজ খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। এখন প্রয়োজন মানুষের পুষ্টি ও নিরাপদ খাদ্য নিশ্চিত করা। পুষ্টি ও নিরাপদ খাদ্যের জন্য মানুষের আয় বৃদ্ধি করতে হবে। আর এ জন্য কৃষির বাণিজ্যিকীকরণ করতে হবে। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) কৃষিবিদ দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **সমকাল** (পৃ.৭,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৩)।

**১০। ইজতেমায় উস্কানিমূলক বক্তব্য নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**

৫৪তম বিশ্ব ইজতেমায় তাবলিগ জামাতের দু'পক্ষকে উস্কানিমূলক কোনো বক্তব্য না দেওয়ার অনুরোধ জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেছেন, আপনারা কেউ কারও বিরুদ্ধে উস্কানিমূলক কথা বলবেন না। বয়ানে কিংবা মাঠে উস্কানিমূলক কথা থেকে বিরত থাকবেন। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) গাজীপুর সিটি করপোরেশনের টঙ্গী আঞ্চলিক কার্যালয়ে বিশ্ব ইজতেমার সর্বশেষ প্রস্তুতি নিয়ে আলোচনাসভায় স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **যুগান্তর** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

**১১। পুলিশের নতুন চ্যালেঞ্জ মাদক : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, সন্ত্রাস-জঙ্গিবাদ দক্ষতার সঙ্গে দমন করে বাংলাদেশকে বিশ্বে একটা নির্ভরযোগ্য অবস্থানে নিয়ে গেছে পুলিশ। এখন পুলিশের নতুন চ্যালেঞ্জ মাদক। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) রাজারবাগ পুলিশ লাইন্সে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, মাদকের জন্য জিরো টলারেন্স নীতি ঘোষণা করে কাজ করছে সরকার। সারাদেশকে মাদকমুক্ত করতে চেষ্টা করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৩), **সমকাল** (পৃ.৩,ক.১)।

**১২। তামাকমুক্ত সমাজ গড়তে চাই ঐক্যবদ্ধ প্রচেষ্টা : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. মোহাম্মদ হাছান মাহমুদ বলেছেন, তামাকমুক্ত সমাজ গড়তে প্রয়োজন সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টা। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় প্রেসক্লাবে এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তামাকবিরোধী সংগঠন প্রজ্ঞা, এন্টি টোব্যাকো মিডিয়া এলায়েন্স ও ক্যাম্পেইন ফর টোব্যাকো ফ্রি কিডসের সম্মিলিত উদ্যোগে এক আলোচনার আয়োজন করা হয়। তথ্যমন্ত্রী বলেন, তামাক ও তামাকজাত পণ্য ব্যবহারের বিরুদ্ধে প্রচারণার পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে আসক্তির বিরুদ্ধেও প্রচারণা প্রয়োজন। একইসঙ্গে সারাজীবনে যারা ধূমপান করেনি তাদের পুরস্কার দেওয়ার উদ্যোগও নেওয়া যেতে পারে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

**১৩। উন্নত জাতি গঠনে সহায়ক অনুষ্ঠান করবে বেতার : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বেতার অনুষ্ঠানমালা উন্নত জাতি গঠনের সহায়ক হিসেবে পরিগনিত হবে। দেশ, মানুষ ও সমাজের উন্নয়নের জন্য এবং নতুন প্রজন্ম ও সব মানুষকে দেশের কাজে ব্রতী হতে উদ্বুদ্ধকারী অনুষ্ঠান প্রচার করবে বাংলাদেশ বেতার। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) ঢাকার আগারগাঁওয়ে বিশ্ব বেতার দিবস ও শ্রোতা সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৫)।

**১৪। জার্মানি ও আরব আমিরাত সফরে আজ ঢাকা ছাড়ছেন প্রধানমন্ত্রী**

**রোহিঙ্গা, রাজনৈতিক সম্পর্ক ও অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণই এ সফরের লক্ষ্য : পররাষ্ট্রমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) জার্মানি যাচ্ছেন। সেখানে অনুষ্ঠেয় মিউনিখ নিরাপত্তা সম্মেলনে যোগদানশেষে ফেরার পথে সংযুক্ত আরব আমিরাতে যাবেন। টানা তৃতীয়বারের মতো প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর এটি তাঁর প্রথম বিদেশ সফর। দুই দেশে মোট ছয়দিন সফর করবেন তিনি। রাজনৈতিক সম্পর্ক উন্নয়ন, রোহিঙ্গা বিষয়ে আলোচনা ও অর্থনৈতিক সহযোগিতা সম্প্রসারণ করাই এ সফরের লক্ষ্য বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর এ সফরে রোহিঙ্গা সংকটের দিকে নতুন করে বিশ্ববাসীর দৃষ্টি ফেরানো, বিনিয়োগ আকর্ষণ এবং বাংলাদেশী শ্রমিকদের জন্য কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি সর্বোচ্চ অগ্রাধিকার পাবে। পররাষ্ট্রমন্ত্রী গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) এক সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রীর জার্মানি ও সংযুক্ত আরব আমিরাত সফর সম্পর্কে বিস্তারিত অবহিত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৪)।

**১৫। আমিরাতে বৈধ হলো ৫০ হাজার বাংলাদেশী : পররাষ্ট্রমন্ত্রী**

সংযুক্ত আরব আমিরাতে ৫০ হাজার বাংলাদেশী সাধারণ ক্ষমার আওতায় নিয়মিত হওয়ার সুযোগ পেয়েছেন। এসব বাংলাদেশী দেশটিতে অবৈধ হয়ে পড়েছিলেন। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদসম্মেলনে এ তথ্য জানান পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আরব আমিরাত সফর দেশটিতে আরও বেশি কাজের সুযোগ সৃষ্টিতে অবদান রাখবে বলে সংবাদসম্মেলনে আশা প্রকাশ করেন পররাষ্ট্রমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৩), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**১৬। প্রকল্প পরিচালকদের এলাকায় থাকার নির্দেশ পরিকল্পনামন্ত্রীর**

খুলনায় বিভিন্ন প্রকল্পের পরিচালকদের এলাকায় থেকে উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) খুলনা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে খুলনা বিভাগের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ নির্দেশ দেন। সভায় মন্ত্রী বলেন, পদ্মাসেতুর নির্মাণকাজ শেষ হলে খুলনা অঞ্চলে উন্নয়নের দ্বার খুলে যাবে। তিনি খুলনা অঞ্চলের উন্নয়ন প্রকল্পগুলোর কাজ দ্রুততার সঙ্গে সম্পন্ন করার তাগিদ দিয়ে বলেন, একইসঙ্গে কাজের গুণগত মান ঠিক রাখার দিকেও নজর দিতে হবে। তিনি বলেন, সরকার চলতি অর্থবছরে ১ লাখ ৮০ হাজার কোটি টাকা ব্যয়ে দেশব্যাপী ১ হাজার ৫০৭টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের কাজ হাতে নিয়েছে। এর মধ্যে খুলনা বিভাগে ৩ হাজার ৪৫৬ কোটি টাকা ব্যয়ে ৫৮টি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

**১৭। তামাকের ক্ষেতে তুলা চাষে উদ্যোগ নেওয়া হবে : পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী বলেছেন, তামাক বর্জন করে তুলার চাষ বাড়ানো হবে। যেখানে তামাক চাষ করা হয় সেখানে মানুষ যেন তুলা চাষ করে সে উদ্যোগ নেওয়া হবে। আর তামাকের চাহিদা মেটানোর জন্য বিদেশ থেকে আমদানি করা হবে। এতে করে দেশের ট্যারিফও বাড়বে। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে বাংলাদেশ কটন অ্যাসোসিয়েশনের সঙ্গে এক আলোচনাসভায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **ইনকিলাব** (পৃ.৮,ক.৫)।

**১৮। তিন মেডিকেল বিশ্ববিদ্যায়ের দ্রুত নির্মাণকাজ শুরুর নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর**

প্রয়োজনীয় ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল (ডিপিপি) অনুমোদন সম্পন্ন করে নতুন তিন মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামোগত নির্মাণকাজ দ্রুত শুরুর নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের প্রয়োজনীয় আনুষ্ঠানিক প্রক্রিয়া শীঘ্রই সম্পন্ন করার নির্দেশ দেন তিনি। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে দেশের চার মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়সভায় সভাপতিত্বকালে স্বাস্থ্যমন্ত্রী এ নির্দেশ দেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**১৯। ব্যবসাকে আরও সহজ ও উন্মুক্ত করতে হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, বাংলাদেশে বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট ও অভ্যন্তরীণ বাণিজ্য উন্নয়নে ব্যবসা সহজীকরণ সংক্রান্ত সব ধরনের উদ্যোগ নেওয়া হচ্ছে। যেভাবেই হোক আমাদের ব্যবসাকে সহজীকরণ এবং তা সবার জন্য উন্মুক্ত করতে হবে। পাশাপাশি একে হয়রানি ও দীর্ঘসূত্রিতামুক্ত করা হবে। গতকাল ১৩ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে ঢাকায় নিযুক্ত ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত রিনা সুয়েমারনো এর সৌজন্য সাক্ষাৎ শেষে এক ব্রিফিংয়ে সাংবাদিকদের এ কথা বলেন বাণিজ্যমন্ত্রী। তিনি জানান, বাংলাদেশ-ইন্দোনেশিয়া উভয়ই প্রিফারেন্সিয়াল ট্রেড এগ্রিমেন্ট (পিটিএ) স্বাক্ষরে আগ্রহী। যার কার্যক্রম এখন চলছে। এ বিষয়ে আলোচনার জন্যই তিনি এসেছেন। উভয় দেশের মধ্যে বাণিজ্য সহযোগিতা বৃদ্ধি করতে ভিসা ইস্যুর ক্ষেত্রে কিছু জটিলতা আছে। সেগুলো নিরসনে উদ্যোগ নেওয়া হবে। তাছাড়া ইন্দোনেশিয়ার বাজারে চামড়াজাত পণ্য, ওষুধ এবং তৈরিপোশাকসহ অনেক পণ্য রফতানির বিপুল সম্ভাবনা রয়েছে। তা কাজে লাগাতে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৪)।

**২০। বহুতল ভবনের নকশা মিলবে চার ছাড়পত্রে, সব প্রক্রিয়া সম্পন্ন হবে অনলাইনে : গণপূর্তমন্ত্রী**

মানুষের ভোগান্তি এড়াতে চার স্তরে ঘরবাড়ির নকশা অনুমোদনের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এখন থেকে নকশা অনুমোদনের জন্য ঘুরতে হবে না। গুনতে হবে না উৎকোচ। আর্থিক সাশ্রয় হবে ও ভোগান্তি কমবে গ্রাহকের। কাগজপত্র ঠিক থাকলে আবেদনের সর্বোচ্চ ৫৩ দিনের মধ্যেই মিলবে নকশার অনুমোদন। পাশাপাশি আগামী ১ মে থেকে ম্যানুয়ালি আর কোনো আবেদন নেওয়া হবে না। সব আবেদন হবে অনলাইনে। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) সমন্বয়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) ও চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (চউক) সেবা সহজীকরণের ওপর মতবিনিময় সভাশেষে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী এডভোকেট শ. ম. রেজাউল করিম এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬),**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

**২১। বঙ্গবন্ধু স্যাটেলাইট জাতীয় সম্পত্তি, বিক্রির তথ্য সত্য নয় :**
**সংসদে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর স্বত্ব কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দেওয়া হয়নি, এটি দেশের জনগণের সম্পত্তি। স্যাটেলাইটের স্বত্ব নিয়ে যেসব কোম্পানি বা ব্যক্তির নামে লিজ দেয়ার তথ্য কিছু খবরের কাগজ বা গণমাধ্যমে এসেছে, তা মোটেও সত্য নয়। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তরপর্বে এসব কথা বলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **বনিক বার্তা** (পৃ.২,ক.৬)।

**২২। হজ নিবন্ধন শুরু আজ**

চলতি বছরে হজ গমনেচ্ছুদের জন্য সরকারি নিবন্ধন আজ (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) শুরু হবে। চলবে আগামী ৫ মার্চ পর্যন্ত। আর বেসরকারি ব্যবস্থাপনায় নিবন্ধন আগামী ১৭ ফেব্রুয়ারি শুরু হবে। চলবে ১০ মার্চ পর্যন্ত। সরকারি ব্যবস্থাপনায় নিবন্ধনের জন্য সর্বশেষ প্রাক নিবন্ধনের ক্রমিক নম্বর ২২ হাজার ৭৬৪ ও বেসরকারি ব্যবস্থাপনায় সর্বশেষ ক্রমিক নম্বর চার লাখ ৭৯ হাজার ৮১৫। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) ধর্ম মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৪)।

**২৩। ইজতেমা উপলক্ষে যান চলাচলে ডিএমপি'র নির্দেশনা**

আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে দুই পর্বে অনুষ্ঠিত হতে যাওয়া বিশ্ব ইজতেমায় আসা মুসল্লিদের যাতায়াত নির্বিঘ্ন করতে ট্রাফিক ব্যবস্থাপনায় বিশেষ নির্দেশনা দিয়েছে ঢাকা মহানগর পুলিশ-ডিএমপি। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে যান চলাচল ও পার্কিংসংক্রান্ত বিষয়ে নির্দেশনা দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৮)।

**২৪। বিশ্ব ইজতেমা উপলক্ষে বিশেষ ট্রেন সার্ভিস**

অন্য বছরের ন্যায় বিশ্ব ইজতেমাতে আগত মুসল্লিদের নিরবচ্ছিন্ন সেবাপ্রদানের লক্ষ্যে সুষ্ঠুভাবে ট্রেন চলাচল, বিশেষ ট্রেন পরিচালনা, বিভিন্ন ট্রেনে অতিরিক্ত কোচ সংযোজন করতে উদ্যোগ নিয়েছে বাংলাদেশ রেলওয়ে। গতকাল (১৩ ফেব্রুয়ারি বুধবার) রেলপথ মন্ত্রণালয় থেকে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এসব তথ্য জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫), **বনিক বার্তা** (পৃ.২,ক.১)।

**২৫। কোস্টগার্ডের প্রতিষ্ঠাবার্ষিকী আজ**

বাংলাদেশ কোস্টগার্ডের ২৪তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ (১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার)। কোস্টগার্ডের উন্নয়ন ও অপারেশন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য এ বছর পদক পাচ্ছেন বাহিনীর ১৬ জন কর্মকর্তা, ২২ জন নাবিক ও ২ জন বেসামরিক কর্মকর্তা-কর্মচারীসহ মোট ৪০ জন সদস্য। এবার বাংলাদেশ কোস্টগার্ড পদক, প্রেসিডেন্ট কোস্টগার্ড পদক, বাংলাদেশ কোস্টগার্ড (সেবা) পদক ও প্রেসিডেন্ট কোস্টগার্ড (সেবা) পদক এ ৪টি ক্যাটাগরিতে এ পদক প্রদান করা হচ্ছে। আজ বেলা **১১**টায় রাজধানীর আগারগাঁওয়ে গার্ড সদরদপ্তরে প্রতিষ্ঠাবার্ষিকী দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ পদক তুলে দেবেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আব্দুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) আর্থিক সহায়তায় বাংলাদেশের ন্যাশনাল ফুড সেফটি ল্যাবরেটরিতে চালানো এক গবেষণা জরিপে দেশে প্রক্রিয়াকরণ ছাড়া গাভীর দুধে সহনীয় মাত্রার চাইতে অধিক পরিমাণে কীটনাশক ও নানা ধরনের অ্যান্টিবায়োটিক উপাদানের উপস্থিতি, প্যাকেটজাত গাভীর দুধে মাত্রাতিরিক্তি অ্যান্টিবায়োটিক ও সীসা, দই ও দুগ্ধজাত পণ্যেও সীসা পাওয়া গেছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **যুগান্তর :** রাজধানীতে নতুন আবির্ভূত চিরকুট পার্টি নামে এক অপরাধী চক্রের ফাঁদে পড়ে অনেকে সর্বস্ব হারিয়েছে এমনকি মৃত্যু ঝুঁকিতেও পড়েছে কেউ কেউ উল্লেখ করে এদের নির্মূলে দ্রুত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন, নিউ এজ :** চিকিৎসাসেবায় নিয়োজিত সরকারি চিকিৎসকদের প্র্যাকটিসের বিষয়ে পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়নের জন্য একটি স্বাধীন কমিশন গঠনের হাইকোর্টের নির্দেশ যথাযথ বাস্তবায়নের সুপারিশ।

ঘ. **বণিক বার্তা :** বিশ্বব্যাংকের ডুয়িং বিজনেস প্রতিবেদন অনুযায়ী ব্যবসা করার সূচকে মিয়ানমার ও যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তানের চেয়েও পিছিয়ে বাংলাদেশ এ তথ্যের কথা উল্লেখ করে এ অবস্থার জন্য সংশ্লিষ্ট প্রতিবন্ধকতাগুলো দূরীকরণে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** সম্ভাবনাময় ফুল শিল্পের বিকাশে প্রণোদনা দেওয়ার সুপারিশ।

চ. **নিউ নেশন :** ইয়াবা চোরাচালানরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যোগ্য ও মেধাবী ভবিষ্যৎ রাজনৈতিক নেতৃত্বের স্বার্থে দেশের সব শিক্ষপ্রতিষ্ঠানে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়া জরুরি।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পল্লী উন্নয়নে মাইলফলক হতে পারে আমার গ্রাম আমার শহর'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বৈষম্যহীন সমাজ গঠনের পূবশর্ত হচ্ছে শহর ও গ্রামের মধ্যে বিদ্যমান ব্যবধান ও বৈষম্য নির্মূল করা, তাই আমার গ্রাম আমার শহর স্লোগান বা ইশতেহার বাস্তবায়ন করা গেলে শহর-গ্রামের পার্থক্যের ব্যবধান কমে আসবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা